দৈনিক ইনকিলাব ৭৭

তারিখ 02 NOV 1992
পৃষ্ঠা ১ কলাম ৫

## প্রেস নোট

# নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র বাতিলের কোন পরিকল্পনা সরকারের নেই

এসএসসি পরীক্ষায় নৈর্ব্যক্তিক পদ্ধতি বহালের দাবীতে, ছাত্র-বিক্ষোভ সম্পর্কে দেশের বিভিন্ন পত্র-পত্রিকায় যেসব খবর ছাপা হয়েছে সেসব খবরের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য সরকার দৃঢ়ভাবে ঘোষণা করছে যে, সুধীসমাজ ও বিশেষজ্ঞ পর্যায়ে ব্যাপক পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনার পর ১৯৯২ ইং সনের এসএসসি পরীক্ষায় নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র পদ্ধতি চালু করা হয়েছে। এসএসসি পরীক্ষায় নৈর্ব্যক্তিক

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

**প্রেস নোট** প্রথম পৃষ্ঠার পর

প্রশ্নপত্র বাতিলের কোন পরিকল্পনা সরকারের নেই। নৈর্ব্যক্তিক পরীক্ষা পদ্ধতি অবশ্যই বহাল থাকবে। তবে দেশের বৃহত্তর স্বার্থে ও এসএসসি পরীক্ষার মান বজায় রাখার লক্ষ্যে নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র গৃহীত পরীক্ষা পদ্ধতিকে আরো কার্যকর ও ফলপ্রসূ করে তোলার জন্য অনুমোদিত সিলেবাসের মধ্য হতে নৈর্ব্যক্তিক প্রশ্ন করা হবে এবং যে সকল বিষয়ে নৈর্ব্যক্তিক রচনামূলক ও ব্যবহারিক অংশ রয়েছে, সে সকল বিষয়ে নৈর্ব্যক্তিক ও রচনামূলক প্রতিটি অংশে ন্যূনতম ১২ নম্বর পেতে হবে। যে সকল বিষয়ে প্রতি পত্র ৫০ নম্বরের রচনামূলক অংশে বিভক্ত, সে সকল বিষয়ে পাসের জন্য প্রতি অংশে ন্যূনতম ১৫ নম্বর পেতে হবে। প্রেস নোট।